

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ দ্বীনের দাওয়াত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন মুফতি ফতোয়া দেওয়ার পর সেটা 'ভুল ফতোয়া' বলে জানতে পারলে তার কি করা উচিত?

তার রুজ্ করা উচিৎ এবং তাতে তার প্রেস্টিজ যাওয়ার ভয় করা অনুচিত। যেহেতু হক প্রকাশ পেলে হকের দিকে রুজ্ করা মহান মানুষদের কাজ। সাধারণের কাছে ওজন হাল্কা হয়ে যাওয়ার ভয়ে ভুলের উপর অটল থাকা উদার মানুষের কাজ নয়। মহানবী (সঃ) হক বুঝতে পেরে হকের দিকে রুজ্ করেছেন। একদা তিনি সাহাবাদেরকে দেখলেন, তারা খেজুর মোচার পরাগ-মিলন সাধন করেছেন, অর্থাৎ মাদা গাছের মোচা নিয়ে মাদী গাছের মোছার সাথে বেঁধে দিচ্ছেন। তিনি বললেন, "আমার মনে হয় ঐরপ করাতে কোন লাভ নেই। ঐরপ না করেণ্ডে খেজুর ফলবে।" তার মন্তব্য শুনে সাহাবাগন তা ত্যাগ করলেন। কিন্তু খেজুর ফলার সময় দেখা গেল, খেজুর পরিপুষ্ট হয়নি। ফলে তার ফলনও ভালো হয়নি। তিনি তা দেখে বললেন, "কি ব্যাপারে, তোমাদের খেজুরের ফলন নেই কেন?" তারা বললেন, যেহেতু আপনি পরাগ মিলন ঘটাতে নিষেধ করেছিলেন, সেহেতু তা না করার ফলে ফলন কম হয়েছে। তিনি বললেন, "আমি ওটা ধারনা করে বলেছিলাম। তোমরা তোমাদের পার্থব বিষয় সম্পর্কে অধিক জ্ঞান রাখ। অতএব তা ভালো হলে, তোমরা তা করতে পার।" (মুসলিম ২৩৬১-২৩৬৩ নং) সাহাবা, তাবেঈন ও ইমামগণ হকের দিকে রুজ্ করেছেন। দলীল বলিষ্ঠ দেখে নিজের রায় বদলে দিয়েছেন। তাতে তাদের কোন মানহানি হয়নি। কোন আলেমের হওয়ারও কথা নয়। (ইবনে বাজ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2304

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন